

o/c



## কর্মসংস্থান ব্যাংক

প্রধান কার্যালয়

১, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।

www.karmasangsthanbank.gov.bd

E-mail : lrld@karmasangsthanbank.gov.bd

### ঋণ আদায়, আইন ও গবেষণা বিভাগ

পরিপত্র নং-০৪/২০১৫

তারিখ : ২৬.০৫.২০১৫

সকল ব্যবস্থাপক  
কর্মসংস্থান ব্যাংক।

বিষয় : উৎসাহ মূলক পুরস্কার প্রদানের লক্ষ্যে অঞ্চল, শাখা এবং মাঠকর্মীর Performance মূল্যায়নের মানদণ্ড সংক্রান্ত সংশোধিত নীতিমালা প্রসঙ্গে।

২১.০১.২০০৯ তারিখে অনুষ্ঠিত পরিচালনা বোর্ডের ১৩৭তম সভার অনুমোদনক্রমে ঋণ ও অগ্রিম, ঋণ আদায় ও আইন এবং গবেষণা বিভাগের ০৫.০২.২০০৯খ্রিঃ তারিখের ঋণ পরিপত্র নং-০১/২০০৯ এবং একই বিভাগের ০৯.০৩.২০০৯খ্রিঃ তারিখের সার্কুলার লেটার নং-কেবি/প্রকা/ঋণ-৩৫/২০০৮-০৯/২৪৪৭(১১০) অনুযায়ী উৎসাহ মূলক পুরস্কার প্রদানের লক্ষ্যে শাখা, অঞ্চল এবং মাঠকর্মীর Performance মূল্যায়নের মানদণ্ড সংক্রান্ত নীতিমালা জারী করা হয়। উক্ত নীতিমালা অনুযায়ী শ্রেণীকৃত ঋণের হারের ভিত্তিতে কর্মসংস্থান ব্যাংকের সকল শাখাকে নিম্নোক্ত ০৩টি গ্রেডে ভাগ করা হয় :

- |   |               |
|---|---------------|
| (ক) ১০% পর্যন্ত শ্রেণীকৃত ঋণের শাখাসমূহ     | A গ্রেডভুক্ত; |
| (খ) ১১%-২০% পর্যন্ত শ্রেণীকৃত ঋণের শাখাসমূহ | B গ্রেডভুক্ত; |
| (গ) ২০% এর উর্ধ্বে শ্রেণীকৃত ঋণের শাখাসমূহ  | C গ্রেডভুক্ত। |

০২। উপরোক্ত নীতিমালা যখন জারী করা হয় তখন ব্যাংকের শ্রেণীকৃত ঋণের হার ছিল ১৮%। ইতোমধ্যে শ্রেণীকৃত ঋণের হার ১৮% থেকে হ্রাস পেয়ে ১০% হয়েছে। শ্রেণীকৃত ঋণের হার হ্রাস পাওয়ায় হ্রাসকৃত হারের ভিত্তিতে সকল শাখাকে নিম্নবর্ণিত ভাবে পুনরায় ০৩টি গ্রেডে পূর্নবিন্যাস করে পুরস্কার প্রদানের নিমিত্তে মূল্যায়নের মানদণ্ড নির্ধারণ করা হয়।

- |   |               |
|---|---------------|
| (ক) ০ (শূন্য) থেকে ৫% পর্যন্ত শ্রেণীকৃত ঋণের শাখাসমূহ | A গ্রেডভুক্ত; |
| (খ) ৫.০১% থেকে ১০% পর্যন্ত শ্রেণীকৃত ঋণের শাখাসমূহ    | B গ্রেডভুক্ত; |
| (গ) ১০% এর উর্ধ্বে শ্রেণীকৃত ঋণের শাখাসমূহ            | C গ্রেডভুক্ত। |

০৩। ০৫.০২.২০০৯ খ্রিঃ তারিখের পরিপত্রে পুরস্কারের পরিমাণ অপেক্ষাকৃত বেশী হওয়ায় তাত্ত্বিকভাবে উহা বিদ্যমান থাকা সত্ত্বেও বাস্তবায়নের অভাবে উহার কার্যকারীতা ছিল না। এছাড়া ইতোমধ্যে ঋণের উপাদান ও অবকাঠামোগত কিছু কিছু পরিবর্তন হয়েছে। যেমন ৩০.০৬.২০১৪ তারিখ থেকে ঋণ Write off বা অবলোপন শুরু হয়েছে, শ্রেণীকৃত ঋণের পরিমাণ ১৮% থেকে ১০% এ হ্রাস পেয়েছে, শাখা ও অঞ্চলের সংখ্যা বৃদ্ধি পেয়েছে ইত্যাদি।

০৪। এমতাবস্থায়, পুরস্কার প্রদানের মানদণ্ড নির্ধারণের নিমিত্তে উপরোক্ত ০৫.০২.২০০৯ তারিখের ঋণ পরিপত্র নং-০১/২০০৯ এবং ০৯.০৩.২০০৯ তারিখের সংশ্লিষ্ট সার্কুলার লেটার নং-কেবি/প্রকা/ঋণ-৩৫/২০০৮-০৯/২৪৪৭ (১১০) বাতিল করে নিম্ন বর্ণিত প্রস্তাব সদয় অনুমোদনের জন্য পরিচালনা বোর্ডের ২১১তম সভায় উপস্থাপন করলে পরিচালনা বোর্ড তা নিম্নরূপভাবে সদয় অনুমোদন করেন।

পুরস্কারের জন্য মানদণ্ড :

(ক) ঋণ বিতরণ :

১) ঋণ বিতরণের লক্ষ্যমাত্রার বিপরীতে ১০০% অর্জনের জন্য বরাদ্দকৃত নম্বর ২০। বিতরণের হার ১০০% অপেক্ষা কম হলে সংশ্লিষ্ট মাঠকর্মী, শাখা ব্যবস্থাপক ও আঞ্চলিক ব্যবস্থাপক আনুপাতিক হারে নম্বর প্রাপ্য হবেন।

২) বিতরণে হার =  $\frac{\text{চলতি অর্থ বৎসরে বিতরণের পরিমাণ}}{\text{চলতি অর্থ বৎসরে বিতরণের লক্ষ্যমাত্রা}} \times 100$

তবে ঋণ বিতরণের হার যাই হোক উহাকে সর্বোচ্চ ১০০% এর বেশী ধরা হবে না।

চলমান পাত-০২

